

ঢাকায় মুক্ত-মনা সেমিনারের সফল সমাপ্তি

নিউজ রিপোর্ট: প্রথম আলো : ১২ আগস্ট, ২০০৬।



সেমিনারে বক্তাদের অভিমত

মুক্ত মানুষের অধিকারের স্বার্থেই ধর্মনিরপেক্ষ রাষ্ট্র দরকার

নিজস্ব প্রতিবেদক

রাজধানীতে অনুষ্ঠিত এক সেমিনারে বক্তারা বলেছেন, মুক্ত মানুষের অধিকার নিশ্চিত করার স্বার্থেই রাষ্ট্রকে ধর্মনিরপেক্ষ হওয়া দরকার। পাকিস্তানের মতো বাংলাদেশেও ধর্মভিত্তিক শিক্ষা প্রবর্তনের ষড়যন্ত্র চলছে উল্লেখ করে তারা বলেন, এ ধরনের যেকোনো পরিকল্পনা প্রতিহত করতে হবে।

গতকাল শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের আর সি মজুমদার মিলনায়তনে 'সেক্যুলারিজম: রাষ্ট্র, সমাজ ও শিক্ষা' শীর্ষক এ সেমিনার যৌথভাবে আয়োজন করে 'শিক্ষা আন্দোলন মঞ্চ' ও 'মুক্তমনা'। দিনব্যাপী সেমিনারের তিনটি অধিবেশনে সভাপতিত্ব করেন অধ্যাপক অজয় রায়, অধ্যাপক হিরণ্যায় সেনগুপ্ত ও অধ্যাপক শহিদুল হক।

সেমিনারে অধ্যাপক গোলাম মুর্শিদ বলেন, শিক্ষার উদ্দেশ্য শুধু কিছু শব্দ শেখা নয়, একটা ধাপ থেকে পরবর্তী ধাপে উত্তরণ ঘটানো। এ উত্তরণের গতিতে যা কিছু বাধাঘন্ট করে তা অপসারণ করেই এগোতে হবে।

অধ্যাপক মুহম্মদ জাফর ইকবাল বলেন, প্রবল জনমত তৈরি করতে পারলে এ সময়ের সব সংকট দূর করা সম্ভব। তিনি বিকল্প শিক্ষা আকাঙ্ক্ষা তুলে ধরার আহ্বান জানিয়ে বলেন, 'একমুখী শিক্ষা বাতিলের আন্দোলন আমাদের উৎসাহিত করেছে'।

অধ্যাপক শফি আহমেদ বলেন, এখন অনেক বেশি অবরুদ্ধতার মধ্যে ধর্মনিরপেক্ষতার কথা বলতে হয়। কারণ গত ১৫ বছরে একটিও সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়নি, কিন্তু মাদ্রাসা প্রতিষ্ঠিত হয়েছে অন্তত তিন হাজার। এভাবেই সাম্প্রদায়িকতা বিস্তৃত হচ্ছে।

নাট্যকার মামুনুর রশীদ বলেন, অসাম্প্রদায়িক ও ধর্মনিরপেক্ষ একটি রাষ্ট্রের স্বপ্ন বুকে নিয়ে একান্তরে মুক্তিযোদ্ধারা লড়াই করেছিলেন। কিন্তু সেটাকে ধর্মরাষ্ট্রে পরিণত করা হয়েছে। বর্তমানে যে দ্বি-দলীয় রাজনীতি চলছে তাতে মুক্তিযুদ্ধের প্রতিনিধিত্বকারী দলও ধর্মকে ব্যবহার করছে।

অধ্যাপক আনু মুহাম্মদ বলেন, জনগণকে আরও শৃঙ্খলিত করার জন্য ইসলামকে রাষ্ট্রধর্ম করা হয়।

সেমিনারে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন অধ্যাপক এইচ কে এস আরেফিন, হোসেন আলী, অধ্যাপক আকমল হোসেন, সাহিত্যিক সেলিনা হোসেন, ড. ইয়াসমিন হক, হুপতি শামসুল ওয়ারেস, ড. আখতারুজ্জামান প্রমুখ।

সেমিনারে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ছাত্র অনন্ত বিজয় দাসকে 'মুক্তমনা' সম্মাননা দেওয়া হয়।

প্রথম আলো : ১২ আগস্ট, ২০০৬।

লিঙ্কঃ

<http://www.prothom-alo.net/v1/newhtmlnews1/category.php?CategoryID=5&Date=2006-08-12>



সেমিনারে যুক্তিবাদের উপর পেপার পড়ছেন মুক্তমনার (সিলেট) সদস্য অনন্ত।